গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১)/৩০৬২ তারিখ ঃ০১.০৮.২০১৯

বিষয় ঃ **তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সম্বলিত জুলাই-২০১৯ (২য় পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।**

গণযোগাযোগ অধিদপ্তর দেশের ৬৪ জেলা এবং পার্বত্য এলাকার ৪ উপজেলাসহ মোট ৬৮ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে মাসিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক আলোচনা সভা, চলচ্চিত্র প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্ববোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী তথ্য অভিযান এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের একটি মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

জেলা তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জুলাই-২০১৯ (২য় পক্ষ) মাসের **'জনমত'** প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযোজনী ঃ প্রতিবেদন এক প্রস্থ।

০১.০৮.১৯

(মোঃ জাকির হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন ৮৩৯২২৯৬।
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা। (এনওসি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## জুলাই-২০১৯ (২য় পক্ষ)

- **জনমত শিরোনাম**

— বন্যা কবলিত এলাকায় জরুরিভিত্তিতে ত্রাণসামগ্রী পৌঁছানোর ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল

— আসন্ন পবিত্র ঈদ-উল-আযহায় ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার ওপর গুরুত্বারোপ সর্বমহলের

— রাজধানীতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর ব্যবস্থা গ্রহণের তাগিদ জনসাধারণের

— নিত্যপণ্যের বাজার স্থিতিশীল। বিভিন্ন ধরনের মশলার দাম নিয়ন্ত্রণের জোর দাবি

— ঈদ-উল-আযহাকে সামনে রেখে সারাদেশে বরাবরের মতো বাড়তি নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে-আশাবাদ সর্বসাধারণের

— সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকবিরোধী অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ

Shuvo

## ❐ বন্যা কবলিত এলাকায় জরুরিভিত্তিতে ত্রাণসামগ্রী পৌঁছানোর ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল

- অতিবৃষ্টি, পাহাড়ী ঢল ও উজান থেকে নেমে আসা পানির তোড়ে দেশের বিভিন্ন অঞ্চল বন্যা প্লাবিত হয়েছে বলে জনমতে জানা গেছে। গাইবান্ধা, জামালপুর, সিরাজগঞ্জ, লালমনিরহাট জেলায় বন্যার ফলে লক্ষ্যাধিক পরিবার পানিবন্দী হয়ে পড়েছে। এছাড়া, বন্যায় উঠতি ফসল বীজতলা ও সবজিক্ষেতের ব্যাপক ক্ষতি হয়েছে বলে জনমতে প্রকাশ। উপদ্রুত এলাকায় পানিবন্দী মানুষের জন্য পর্যাপ্ত শুকনো খাবার, স্যালাইন, পানি বিশুদ্ধকরন ট্যাবলেটসহ ত্রাণ সামগ্রী সরবরাহ করা প্রয়োজন বলে স্থানীয় জনগণ মতামত ব্যক্ত করেছে। পাশাপাশি প্লাবিত এলাকায় গবাদি পশুর খাবার এবং ভ্যাকসিন সরবরাহ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছে স্থানীয় সচেতনমহল।

## ❐ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহায় ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন করার ওপর গুরুত্বারোপ সর্বমহলের

- আসন্ন পবিত্র ঈদ-উল-আযহাকে কেন্দ্র করে ঘরমুখো মানুষের যাতায়াতের সুবিধার্থে কার্যকর ব্যবস্থা গ্রহণের ওপর জোর দিয়েছে সর্বসাধারণ। বাস ও ট্রেনের টিকিটের কালোবাজারি বন্ধ এবং কোনো অবস্থাতেই লঞ্চগুলোতে ধারণক্ষমতার বাইরে অতিরিক্ত যাত্রী পরিবহণ করা যাবে না, এ ব্যাপারে সতর্ক থাকার ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল।
- পাশাপাশি, উৎসব উপলক্ষে আঞ্চলিক ও জাতীয় মহাসড়কে গণপরিবহণের নির্বিঘ্ন চলাচলের স্বার্থে যত্রতত্র কোরবানির পশুর হাট যাতে না-বসানো হয় সে- ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জোর দাবি জনসাধারণের।

## ❐ রাজধানীতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর ব্যবস্থা গ্রহণের তাগিদ জনসাধারণের

- রাজধানীর বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায়, সিটি কর্পোরেশনসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের জোরালো পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছে জনসাধারণ।

চলমান পাতা-৩

Shub

## ❐ নিত্যপণ্যের বাজার স্থিতিশীল। বিভিন্ন ধরনের মশলার দাম নিয়ন্ত্রণের জোর দাবি

● বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্য-সামগ্রীর মূল্য স্থিতিশীল রয়েছে। তবে, বিভিন্ন স্থানে বন্যার কারণে সরবরাহ কম থাকায় শাকসবজির দাম বৃদ্ধি পেয়েছে বলে জনমতে জানা গেছে। এছাড়া, ডিম, ভোজ্যতেল, আদা, রসুন, চিনি, আলু, কাঁচামরিচের দাম এখনো ঊর্ধ্বমুখী থাকায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।

● এদিকে, আসন্ন কোরবানি ঈদের আগেই বাজারে বিভিন্ন ধরনের অত্যাবশ্যক মশলার দাম বৃদ্ধি পাওয়ায় নিম্ন ও মধ্য আয়ের ভোক্তারা হতাশা প্রকাশ করেছে। তারা দাম নিয়ন্ত্রণে কর্তৃপক্ষের প্রতি আশু ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানিয়েছে।

## ❐ ঈদ-উল-আযহাকে সামনে রেখে সারাদেশে বরাবরের মতো বাড়তি নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে-আশাবাদ সর্বসাধারণের

● দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক বলে জনমতে প্রকাশ। কোরবানির পশুর ন্যায্যদাম নিশ্চিতকরণসহ পশুর হাটে জাল টাকার বিস্তার রোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ক্রেতাসাধারণের জন্য জনসচেতনতা বৃদ্ধিসহ সতর্কতামূলক পদক্ষেপ নেবে বলে আশাবাদ সর্বসাধারণের। পাশাপাশি, চামড়া পাচাররোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কঠোর অভিযান পরিচালনার ওপর গুরুত্ব দিয়েছে তারা।

● এদিকে, আসন্ন ঈদ-উল-আযহাকে কেন্দ্র করে দেশের শপিংমল ও বিপণি বিতানগুলোয় ব্যাপক ক্রেতা সমাগম লক্ষ্য করা যাচ্ছে বলে জনমতে প্রকাশ। এ প্রেক্ষাপটে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করায় সর্বসাধারণের মাঝে স্বস্তি বিরাজ করছে।

Shub

## ❐ আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। মাদক ও সন্ত্রাসবিরোধী অভিযান জোরদারের ওপর গুরুত্বারোপ

- দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। সীমান্ত সংলগ্ন জেলাসহ দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মাদক ও সন্ত্রাসবিরোধী অভিযান জোরদার করার ওপর গুরুত্বারোপ করেছে স্থানীয়মহল। এছাড়া, খাদ্যসামগ্রীতে ভেজাল মিশ্রণ প্রতিরোধে প্রশাসনের কঠোর পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছে সর্বসাধারণ।

- এদিকে, আইন-শৃঙ্খলা বাহিনীর মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেছে সাধারণ জনগণ ও অভিভাবকেরা।

---

তৈয়ব/হাছিনা/শুকলা/রীনা/প্রতিমা

Shuck
০১.০৭.২০১৯

শুকলা বনিক
তথ্য ও ডকুমেন্টেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার